

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৩৩

التجارات) ३२/ व्यवमा-वानिज्य

পরিচ্ছেদঃ ১২/৪০. বাজারসমূহ এবং তাতে প্রবেশের নিয়ম।

بَابِ الْأَسْوَاقِ وَدُخُولِهَا

আরবী

حَدَّتَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعِيدٍ، حَدَّتَنِي صَفْوَانُ بْنُ سُلَيْمٍ، حَدَّتَنِي مُحَمَّدٌ، وَعَلِيُّ، ابْنَا الْحَسَنِ بْنِ أَبِي الْحَسَنِ الْبَرَّادِ أَنَّ الزُّبَيْرَ بْنَ الْمُنْذِرِ بَنَ الْمُنْذِرِ حَدَّتَهُ عَنْ أَبِي أُسَيْدٍ السَّاعِدِيِّ، حَدَّتَهُمَا أَنَّ أَبَاهُ الْمُنْذِرَ حَدَّتَهُ عَنْ أَبِي أُسَيْدٍ، أَنَّ أَبَا أُسَيْدٍ، حَدَّتَهُ مَن أَبِي أُسَيْدٍ السَّاعِدِيِّ، حَدَّتَهُمَا أَنَّ أَبَاهُ الْمُنْذِرَ حَدَّتَهُ عَنْ أَبِي أُسَيْدٍ أَنَّ أَبَا أُسَيْدٍ، حَدَّتَهُ أَنَ رَسُولَ اللّهِ عليه وسلم - ذَهَبَ إِلَى سُوقِ النَّبِيطِ فَنَظَرَ إِلَيْهِ فَقَالَ " لَيْسَ هَذَا لَكُمْ بِسُوقٍ " . ثُمَّ ذَهَبَ إِلَى سُوقٍ فَنَظَرَ إِلَيْهِ فَقَالَ " لَيْسَ هَذَا لَكُمْ بِسُوقٍ " . ثُمَّ رَجَعَ هَذَا لَكُمْ بِسُوقٍ " . ثُمَّ ذَهَبَ إِلَى سُوقُ فَطَافَ فِيهِ ثُمَّ قَالَ " هَذَا سُوقُكُمْ فَلاَ يُنْتَقَصَنَّ وَلاَ يُضْرَبَنَّ عَلَيْهِ خَرَاجٌ " . إلى هَذَا السُّوقِ فَطَافَ فِيهِ ثُمَّ قَالَ " هَذَا سُوقُكُمْ فَلاَ يُنْتَقَصَنَّ وَلاَ يُضْرَبَنَّ عَلَيْهِ خَرَاجٌ " .

বাংলা

১/২২৩৩। আবৃ উসাইদ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আন-নবীত নামক বাজারে গেলেন এবং কিছুক্ষণ তা পরিদর্শন করে বলেনঃ এটা তোমাদের উপযোগী বাজার নয়। অতঃপর তিনি অন্য একটি বাজারে গেলেন এবং তা পরিদর্শন করে বলেনঃ এটিও তোমাদের উপযোগী নয়। অতঃপর তিনি এই বাজারে ফিরে এলেন এবং কিছুক্ষণ পরিদর্শন করে বলেনঃ এটি তোমাদের জন্য উপযুক্ত বাজার। এখানে তোমরা কারচুপি পাবে না এবং এই বাজারে তোমাদের উপর খাজনা আরোপ করা হবে না।

English

It was narrated that Abu Usaid said that:

the Messenger of Allah () went to the market of Nabit,[1] and looked at it, and said: "This is not a market for you." Then we went to another market and looked at it, and said: "This is not a market for you." Then he came back to this market and walked around in it then he said: "This is your market. It will always be your market and no duty will be levied on it."



ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ফিস সুনান ৫/৩২২, আল-হাকিম ফিল মুসতাদরাক ২/১৫।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. ইসহাক বিন ইবরাহীম বিন সাঈদ সম্পর্কে আবু হাতিম আর-রাযী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩২৬, ২/৩৬৩ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ ইবনুল হাসান সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তার মাঝে জাহালাত রয়েছে। ইবনু হাজার আল-আসকালানী তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫১৪৭, ২৫/৬০ নং পৃষ্ঠা) ৩. যুবায়র ইবনুল মুন্যীর বিন আবু উসায়দ আস-সাঈদী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার সম্পর্কে অজ্ঞাত। ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে জানা সম্ভব হয়নি। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৭২, ৯/৩২৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন